যুগান্তর

তারিখ ... 15 JAN 2010
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# এসএসসির আদলে জেএসসি : অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষা

যুগান্তর রিপোর্ট

অষ্টম শ্রেণীর সমাপনী পরীক্ষার নাম বদল হয়েছে। এসএসসি'র আদলে এ পরীক্ষার নতুন নামকরণ হয়েছে 'জুনিয়ার স্কুল সার্টিফিকেট পরীক্ষা' (জেএসসি)। পরীক্ষা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির প্রথম সভায় বৃহস্পতিবার এ সিদ্ধান্ত নেয়া হয়। কমিটি এছাড়াও এপ্রিল মাসে পরীক্ষার রেজিস্ট্রেশন কার্যক্রম শুরুর সিদ্ধান্ত নিয়েছে। পরীক্ষা হবে নভেম্বরে অভিন্ন প্রশ্নপত্রে সৃজনশীল পদ্ধতিতে। মাদ্রাসার দাখিল অষ্টম শ্রেণীর ছাত্রছাত্রীরাও এতে অংশ নেবে। সারাদেশে আড়াই হাজার পরীক্ষা কেন্দ্র নির্বাচন করা হবে। আর পরীক্ষা মূল্যায়ন হবে গ্রেডিং পদ্ধতিতে। এ পরীক্ষার সনদ ছাড়া নবম শ্রেণীতে ভর্তি হওয়া যাবে না। কমিটির প্রধান মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের (মাউশি) মহাপরিচালক নোমান-উর-রশীদের সভাপতিত্বে ৮টি মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এবং কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, কারিগরি শিক্ষা অধিদফতরের

জেএসসি : পৃষ্ঠা ২ : কলাম ৬

## জেএসসি : সমাপনী

(১ম পৃষ্ঠার পর)

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক, এসইএসডিপি ও সেকায়েপ প্রকল্পের প্রকল্প পরিচালক, শিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি উপস্থিত ছিলেন।